

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর,
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩
Visite <http://www.pwd.gov.bd>

স্মারক নং-২এফ-৭৬/২০১২/ ৫০৫
বরাবর,

হি-১,

তারিখঃ

২৭/০১/২০১২ হঃ
২০/০১/২০১৬ হঃ

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
বরিশাল গণপূর্ত সার্কেল, বরিশাল।

বিষয়ঃ- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নধীন Establishment of Trauma Centre at Gopalganj শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ।

উপরোক্ত প্রকল্পের কাজে চলতি ২০১৫-২০১৬ আর্থিক সালে খরচ করিবার জন্য ১ম কিস্তি বাবদ-১৬১.৮২ লক্ষ (এক কোটি একষট্টি লক্ষ বিরাশি হাজার) টাকা মাত্র নিম্ন বর্ণিত হারে বরাদ্দ করা হইলঃ

অর্থ বরাদ্দের বিবরণ				
এন/নং	প্রকল্পের নাম/কাজের নাম	অর্থ বরাদ্দ		মোট
০১	Establishment of Trauma Centre at Gopalganj শীর্ষক প্রকল্প।	মূলধন খাত	রাজস্ব খাত	১৬১.৮২ লক্ষ
		১৬০.৫৭ লক্ষ	১.২৫ লক্ষ	

উক্ত খরচ সিভিল সার্জন, গোপালগঞ্জ ও প্রকল্প পরিচালক ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প গোপালগঞ্জ এর স্মারক নং/৬৪২৪/১(৭) তারিখঃ- ২৯/১০/২০১৫ইং এর মাধ্যমে মঞ্জুরীকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং/৯২৬ তারিখঃ-২২/১১/২০১৫ ইং এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ১৬১.৮২ লক্ষ টাকা হিসাবের কোড নং-৫-২৭১১-৫০১২-৭০১৬ খাতের ২০১৫-২০১৬ আর্থিক সালের বাজেট বরাদ্দ হইতে বহন/সংকুলান করিতে হইবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করিতে হইবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান নিয়মাচার যথাযথ ভাবে পালন পূর্বক খরচ করিবার নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত বিভাগ, গোপালগঞ্জ এর নিকট পুনঃ বরাদ্দ প্রদান করিয়া সাথে সাথে অত্র অধিদপ্তরকে জানাইতে অনুরোধ করা হইল। উক্ত অর্থ খরচ করিবার পূর্বে নিম্নোক্ত শর্ত অনুসরণ করিতে হইবেঃ-

- শর্তঃ-
- ১। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Regulation-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করিতে হইবে।
 - ২। এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের জন্য অনুসৃত নীতিমালা যথাযথভাবে পালন করিতে হইবে।
 - ৩। প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করিয়া অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করিতে হইবে এবং কাজ যথাযথভাবে সম্পাদন হইয়াছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হইতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
 - ৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না।
 - ৫। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত হইলে বিল পরিশোধকারী দায়ী থাকিবে।
 - ৬। অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরে সমর্পণ করিতে হইবে।

২০/০১/১৬

২০/০১/১৬
ইশতিয়াক আহমেদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

E-mail:-se-coord@pwd.gov.bd

ফোন-৯৫৬৮৯১৪

স্মারক নং-২এফ-৭৬/২০১২/ ৫০৫/১(২০)

হি-১,

তারিখঃ

২৭/০১/২০১২ হঃ
২০/০১/২০১৬ হঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)ঃ-

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস)/(স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল গণপূর্ত জোন, বরিশাল।
- ০৩। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, ঢাকা।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)/(মনিটরিং এন্ড অডিট)/(পিপিপি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৬। সিভিল সার্জন, গোপালগঞ্জ ও প্রকল্প পরিচালক ট্রমা সেন্টার স্থাপন, শীর্ষক প্রকল্প গোপালগঞ্জ। ইহা উপরোক্ত তাহার স্মারক ও তারিখের বরাতে।
- ০৭। উপ-সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত বিভাগ, গোপালগঞ্জ।
- ০৯। নির্বাহী প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী (ই/এম), এম, আই, এস, সেল, রুম নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। উপরোক্ত তাহার স্মারক ও তারিখের বরাতে।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ১৫। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৬। গার্ড ফাইল, হিসাব শাখা-১/হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২০/০১/১৬

২০/০১/১৬
ইশতিয়াক আহমেদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।